DEC. 10 2001

তারিখ ... ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬....

ভোরের কাগজ

বঙ্গবন্ধু মেডিকেল বিশ্ববিদ্যালয়

# কোর্স কারিকুলাম বাতিলের সিদ্ধান্ত অধ্যয়নরতদের জন্য প্রযোজ্য হবে না

কাগজ প্রতিবেদক : বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল কলেজ বিশ্ববিদ্যালয়ের চলমান কোর্স কারিকুলাম বাতিলের সিদ্ধান্ত বর্তমানে অধ্যয়নরত শিক্ষার্থীদের বেলায় প্রযোজ্য হবে না। ● এরপর-পৃষ্ঠা ২ কলাম ৬

## কোর্স কারিকুলাম

● প্রথম পাতার পর

গতকাল এ ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের এক ব্যাখ্যায় এ কথা বলা হয়।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বলেছেন, বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল কর্তৃক স্বীকৃত পূর্বের কোর্স কারিকুলাম অনুযায়ী মেডিকেল বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন স্নাতকোত্তর কোর্সগুলো আসন্ন শিক্ষাবর্ষ থেকে চালু করার লক্ষ্যে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। তবে চলমান কোর্সে অধ্যয়নরত ছাত্রছাত্রীদের বেলায় এই সিদ্ধান্ত প্রযোজ্য হবে না। তাদের কোর্স সম্পন্ন করার ক্ষেত্রে যাতে কোনো সমস্যার সৃষ্টি না হয় সে ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

কর্তৃপক্ষের ব্যাখ্যায় আরো বলা হয়, ১৮ নভেম্বর প্রজ্ঞাপনের মাধ্যমে প্রদত্ত আদেশ অনুযায়ী মেডিকেল বিশ্ববিদ্যালয় ব্যতীত অন্যান্য মেডিকেল কলেজ বা ইনস্টিটিউটের স্নাতকোত্তর কোর্সগুলো আগের মতো সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত থাকবে। ওই কোর্সগুলোর জন্য বিএমডিসি কর্তৃক স্বীকৃত কারিকুলাম পূর্বের ন্যায় অনুসৃত হবে। তবে চলমান কোর্সগুলোর মেয়াদ শেষ না হওয়া পর্যন্ত মেডিকেল বিশ্ববিদ্যালয়ের সঙ্গে প্রতিষ্ঠানগুলোর অধিভুক্তি বহাল থাকবে বলেও ওই আদেশে উল্লেখ রয়েছে। সুতরাং নতুন কোর্সে ভর্তি ছাত্রছাত্রীদের রেসিডেন্সি প্রোগ্রামগুলোর প্রচলিত সুযোগ-সুবিধা বহাল থাকবে।